



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট  
সাধারণ শাখা



জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে 'নৈতিকতা কমিটি'র সভার কার্যবিবরণী

সভাপতি	এম কাজী এমদাদুল ইসলাম জেলা প্রশাসক
সভার তারিখ	২২ ডিসেম্বর ২০২০
সভার সময়	সকাল ৯.৩০ ঘটিকা
স্থান	জেলা প্রশাসক, সিলেট-এর সম্মেলনকক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বিগত ২৯ অক্টোবর ২০২০ তারিখে বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেটে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের আলোকে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনাক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন এবং সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে করণীয়বিষয়ে অদ্য সভায় আলোচনা হয়। প্রতি মাসে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় সভায় জেলা পর্যায়ের সরকারি দপ্তরসমূহ অংশগ্রহণ করে উল্লেখ করে উক্ত সভায় সকলের উপস্থিতিতে শুদ্ধাচার ও উত্তম চর্চা বিষয়ে আলোচনা করা যেতে পারে মর্মে সকলে মত প্রদান করেন।	(ক) প্রতি মাসে অনুষ্ঠিতব্য জেলা উন্নয়ন সমন্বয় সভার আলোচনার বিবিধ অংশে শুদ্ধাচার বিষয়ক কর্মপকিল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোচনা করতে হবে।	সহকারী কমিশনার, সাধারণ শাখা
০২	ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচার নিশ্চিতকরণের লক্ষ্যে পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী প্রতি অর্থবছরের শুরুর্তে ক্রয়-পরিকল্পনা প্রণয়ন করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। অর্থবছরে প্রতিষ্ঠানের পণ্য ও সেবার ক্রয় চাহিদা সুচারুভাবে নিরূপণ করে সংশ্লিষ্ট ওয়েবসাইটে আপলোডের বিষয়ে আলোচনা হয়।	প্রতি বছরের জুলাই মাসে আগত অর্থবছরের ক্রয়-পরিকল্পনা গ্রহণ ও ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২। নেজারত ডেপুটি কালেক্টর, সিলেট
০৩	শুদ্ধাচার নিশ্চিতকরণে এবং দুর্নীতি প্রতিরোধে আগত সেবা প্রার্থীদের সেবা প্রদান ও প্রয়োজনীয় সেবা গ্রহণের জন্য প্রদেয় ফি সম্পর্কে অবগত করার সুবিধার্থে পোস্টার, লিফলেট ও স্টিকার বিতরণ এবং প্রদর্শন করা যেতে পারে।	জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট-এর বিভিন্ন শাখা হতে প্রদত্ত সেবা, সেবা প্রদানের ধাপসমূহ, সেবা প্রাপ্তির লক্ষ্যে নির্ধারিত ফির পরিমাণ ও ফি বাবদ অর্থ জমাদানের কোড/ ব্যাংক একাউন্ট নাম্বার বিষয়ক তথ্য সম্বলিত স্টিকার/নোটিশ নিজ নিজ শাখায় প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।	সহকারী কমিশনার (সকল)

০৪	আর্থিক লেনদেনের ক্ষেত্রে স্বচ্ছতা নিশ্চিত করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। সরকারি সকল খাতে রশিদবিহীন টাকা লেনদেন না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যেতে পারে মর্মে আলোচনা হয়।	সরকারি সকল ফি আদায়ের ক্ষেত্রে কোন প্রকার নগদ অর্থ গ্রহণ করা যাবে না। সেবাপ্রার্থীকে প্রযোজ্য ফি সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে/কোডে চালানোর মাধ্যমে জমা দিয়ে স্লিপ/রশিদ সরবরাহের জন্য অনুরোধ করতে হবে। সকল প্রকার রশিদ/চালান সংগ্রহ নিশ্চিতক্রমে সংশ্লিষ্ট নথিতে সংরক্ষণ করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২। সহকারী কমিশনার (সকল)
০৫	কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে অকেজো মালামাল বিনষ্টকরণ ও পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি নিয়ে আলোচনা হয়। পুরাতন কাঠের আলমারিসমূহ মেরামতক্রমে ব্যবহার ও ভবিষ্যতে যেকোন ধরনের আসবাবপত্র ক্রয়ের ক্ষেত্রে স্টিলের পণ্য পরিহার করার বিষয়ে আলোচনা করা হয়।	পুরাতন কাঠের আসবাব না ফেলে মেরামত সাপেক্ষে পুনরায় ব্যবহার করতে হবে। যেকোন আসবাব ক্রয়ের ক্ষেত্রে স্টিল পণ্য পরিহার করতে হবে।	নেজারত ডেপুটি কালেক্টর, সিলেট

সভার শেষে কর্মক্ষেত্রে শুদ্ধাচার চর্চা নিশ্চিতকল্পে ও সুশাসন প্রতিষ্ঠায় উপস্থিত সকলকে আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



এম কাজী এমদাদুল ইসলাম  
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০১০.১৬.০১৬.১৮.১১০১

তারিখ: ১৬ পৌষ ১৪২৭

৩১ ডিসেম্বর ২০২০

অনুলিপি:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
- ৩) উপ পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
- ৪) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট
- ৫) উপজেলা নির্বাহী অফিসার, .....(সকল), সিলেট
- ৬) সহকারী কমিশনার (ভূমি), (সকল), সিলেট
- ৭) সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ৮) জনাব....., সিলেট



এম কাজী এমদাদুল ইসলাম  
জেলা প্রশাসক